

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০

তারিখ : ০১ অক্টোবর ২০২০  
-----  
১৬ আশ্বিন ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সরকার প্রদত্ত আর্থিক প্রণোদনা  
প্যাকেজের আওতায় বেজা/বেপজা/হাই-টেক পার্ক এর শিল্প প্রতিষ্ঠানসমূহ অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।**

নভেল করোনা ভাইরাস (COVID-19) এর কারণে রপ্তানি বাণিজ্যে জড়িত প্রতিষ্ঠানসহ সামগ্রিকভাবে দেশে কার্যরত শিল্প প্রতিষ্ঠানসমূহ ক্ষতিগ্রস্ত হওয়ার প্রেক্ষিতে দেশীয় মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহের পাশাপাশি বিদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহের আর্থিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানসমূহের উৎপাদন ও কর্মসংস্থান অব্যাহত রাখার লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়নাদীন আর্থিক প্রণোদনা প্যাকেজের সুবিধাসমূহ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (বেপজা) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ-তে অবস্থিত 'এ', 'বি' ও 'সি' টাইপ শিল্প প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। এক্ষেত্রে প্রণোদনার অর্থ বেজা/বেপজা/হাই-টেক পার্কে অবস্থিত 'এ' টাইপ শিল্প প্রতিষ্ঠানের ঋণ হিসাবে আকলনের নিমিত্ত সাধারণ প্রাধিকার জ্ঞাপন করা হলো।

০২। আলোচ্য প্রণোদনা প্যাকেজসমূহের আওতায় সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে ইতোপূর্বে জারিকৃত এতদসংশ্লিষ্ট সকল সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনাসমূহ পরিপালনীয় হবে।

০৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২